গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর- ৩৮.০০.০০০০.১১৮০.১৪.০৫.১৯- ৬৬০/৮৫২

তারিখ : ১৪ শ্রাবণ ১৪৩১
২৯ জুলাই ২০২৪

বিষয়: পিইডিপি৪ এর আওতায় ২০২৪-২৫ অর্থবছরে Water and Sanitation সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে চাহিদা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চতুর্থ প্রাথমিক শিক্ষা উন্নয়ন কর্মসূচি (পিইডিপি৪) এর Annual Operational Plan (AOP) ১২৫ নম্বর ক্রমিকে Water and Sanitation in DD, DPEO, UEO, URC and PTI শীর্ষক কার্যক্রম অন্তর্ভুক্ত রয়েছে। ২০২৪-২৫ অর্থবছরে এ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে মাঠ পর্যায়ের তথ্য সংবলিত তালিকা প্রয়োজন।

২। এমতাবস্থায়, Water and Sanitation কার্যক্রমের জন্য জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহায়তায় প্রণয়নকৃত চাহিদাভিত্তিক প্রাক্কলন (সর্বোচ্চ প্রাক্কলিত টাকার পরিমান বিভাগীয় উপপরিচালকের অফিস ৫.০০ লক্ষ, জেলা প্রাথমিক শিক্ষা অফিস ৫.০০ লক্ষ, পিটিআই ৮.০০ লক্ষ, উপজেলা/ থানা শিক্ষা অফিস ৩.০০ লক্ষ এবং উপজেলা রিসোর্স সেন্টার ১.৫০ লক্ষ টাকা) এবং নিম্নোক্ত ছক অনুযায়ী তথ্য আগামী ১৬ আগস্ট ২০২৪ তারিখের মধ্যে ই-মেইলে (adplandpe@gmail.com , mahfuzadpe@gmail.com) বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

| প্রতিষ্ঠানের নাম | পানি ও পয়ঃনিষ্কাশনের বর্তমান অবস্থার বিবরণ | পিইডিপি৪ অথবা পিইডিপি৩ এর আওতায় পানি ও পয়ঃনিষ্কাশনের কোন কার্যক্রম গৃহীত হয়ে থাকলে তার বিবরণ | | | | বর্তমান চাহিদার সংক্ষিপ্ত বিবরণ | প্রাক্কলিত ব্যয় (টাকায়) |
|---|---|---|---|---|---|---|---|
| | | কাজের বিবরণ | | অর্থ বছর | টাকার পরিমাণ | | |
| | | পিইডিপি৪ | পিইডিপি৩ | | | | |

৩। উল্লেখ্য যে, Water and Sanitation সম্পর্কিত কাজের প্রাক্কলন ও তথ্যাদি নির্দিষ্ট সময়সীমার মধ্যে প্রেরণ না করলে তাঁর অফিসে এ ধরনের কাজের কোন প্রয়োজন নেই মর্মে ধরে নেয়া হবে।

২৯/০৭/২০২৪
নাসরিন সুলতানা
উপপরিচালক (চঃ দাঃ)
(পরিকল্পনা ও উন্নয়ন)

বিতরণ :
১) উপপরিচালক, ঢাকা/খুলনা/সিলেট/বরিশাল/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম
২) সুপারিনটেনডেন্ট (সকল), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ ইন্সটিটিউট (পিটিআই)
৩) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
৪) উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)
৫) ইউআরসি ইন্সট্রাক্টর (সকল)

অনুলিপি:
১. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা ।
২. অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা ।
৩. অফিস কপি।